# রাজশাহী বিশ্ববিদ্যালয় স্কুল

ডেমনস্ট্রেশন ইউনিট-১, আইইআর, রাজশাহী বিশ্ববিদ্যালয়

## ২০২৫ শিক্ষাবর্ষে প্রথম শ্রেণির ভর্তি বিজ্ঞপ্তি

তারিখ : ২০/১১/২০২৪

**সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৫ শিক্ষাবর্ষে রাজশাহী বিশ্ববিদ্যালয় স্কুলে প্রথম শ্রেণিতে নিম্নলিখিত সময়সূচি ও নিয়মানুযায়ী শিক্ষার্থী ভর্তি করা হবে। আগ্রহী অভিভাবকবৃন্দকে যথাযথ প্রক্রিয়া অনুসরণ করার অনুরোধ করা হলো।**

**নিয়মাবলী :**

১. **আসন সংখ্যা :** অভ্যন্তরীণ ১০৫ টি, বহিরাগত ১৫টি মোট ১২০টি। অতিরিক্ত সহোদর কোটা সর্বোচ্চ ৫টি। অভ্যন্তরীণ (রাজশাহী বিশ্ববিদ্যালয়ের নিয়মিত শিক্ষক / কর্মকর্তা / সহায়ক / সাধারণ কর্মচারী/নিয়মিত মাষ্টার রোল কর্মচারী ও ডাইনিং কর্মচারীর) পুত্র-কন্যা। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের নিয়মিত শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী নয় তাদের প্রতিপাল্য বহিরাগত হিসেবে বিবেচ্য হবে। সহোদর বলতে বর্তমানে অত্র স্কুলে অধ্যয়ণরত শিক্ষার্থীর আপন ভাই-বোনকে বোঝাবে।

২. ভর্তি ফরমের মূল্য ৫০০/- (পাঁচশত টাকা মাত্র অফেরতযোগ্য)। ফরমের নির্ধারিত মূল্য সোনালী ব্যাংক, রা.বি. ক্যাম্পাস শাখায় স্টুডেন্ট কালেকশন হিসাব নম্বর ৪৬২৭৬০১০০০৪৫০ জমা দিয়ে জমা রশিদের মূল কপি ফরমের সাথে সংযুক্ত করতে হবে।

৩. ভর্তি ফরম অনলাইন (www.ru.ac.bd/ruschool সাইটে পাওয়া যাবে। উক্ত সাইটে প্রদত্ত ফরমসমূহ (ভর্তি ফরম, ফরম জমার প্রাপ্তি স্বীকার ফরম, অভ্যন্তরীণ প্রার্থীদের বিভাগীয় প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র ফরম) A4 সাইজের অফসেট পেপারে প্রিন্ট করে তা যথাযথভাবে পূরণ করে নির্দিষ্ট স্থানে ৩ কপি পাসপোর্ট সাইজের ছবি আঠা দিয়ে লাগাতে হবে।

৪. ভর্তি ফরমের সাথে ব্যাংক জমা রশিদের মূল কপি এবং জন্ম সনদপত্রের (অনলাইন জন্ম সনদ ১৭ ডিজিট) সত্যায়িত ফটোকপি, পিতা ও মাতার NID এর ফটোকপি জমা দিতে হবে।

৫. **শিক্ষার্থীর যোগ্যতা :** জন্ম তারিখ ৩১/১২/২০১৭ থেকে ০১/০১/২০২০ এর মধ্যে হতে হবে। লিখিত ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ (পাশ নম্বর-৪০) হতে হবে।

৬. **মনোনয়ন পদ্ধতি :** লিখিত পরীক্ষার মাধ্যমে মেধাক্রমে অভ্যন্তরীন ১০৫ টি, বহিরাগত ১৫টি, সহোদর সর্বোচ্চ ৫টি আসনে ভর্তি করা হবে। বহিরাগত ১৫তম স্থান এবং সহোদর কোটার ৫ম তম স্থানে একাধিক প্রার্থীর ক্ষেত্রে লটারী'র মাধ্যমে একজনকে মনোনয়ন দেওয়া হবে।

৭. **পরীক্ষা পদ্ধতি :** পূর্ণমান- ১০০, (বাংলা-৪০, ইংরেজী-৩০, গণিত-৩০), সময় : ১ ঘন্টা ৩০ মিনিট।

৮. ফরমে প্রদত্ত তথ্য সঠিক ও নির্ভুল হতে হবে। অসত্য ও গোপন তথ্যের জন্য মনোনয়ন বাতিল করা হবে।

৯. **ভর্তি কার্যক্রম-২০২৪ :**

- ভর্তি ফরম অনলাইনে প্রকাশ : ২০/১১/২০২৪, বুধবার
- ভর্তি ফরম জমার তারিখ : ২১/১১/২০২৪ - ০৫/১২/২০২৪ পর্যন্ত সময় : ৯:৩০-১:৩০ টা
- ভর্তি পরীক্ষা : ২১/১২/২০২৪ তারিখ, শনিবার, সময় : ১০:০০ - ১১:৩০ টা
- ফলাফল প্রকাশ : ২২/১২/২০২৪ রবিবার, সময় বেলা ১১:০০ টা
- ভর্তির তারিখ : ২৩/১২/২০২৪-২৪/১২/২০২৪ তারিখ, সোমবার ও মঙ্গলবার, সময় ১০:০০-১:৩০

১০. **ভর্তি :** ভর্তির নির্ধারিত ফি, সেসান, বেতন (জানু/-জুন/২০২৫) পরীক্ষার ফি সোনালী ব্যাংক, রা.বি. ক্যাম্পাস শাখায় স্টুডেন্ট কালেকশন হিসাব নম্বর ৪৬২৭৬০১০০০৪৫০ -এ জমা দিয়ে জমা রশিদের মূল কপি জমা দিতে হবে । মনোনীত তালিকার বিজোড় ক্রমিকধারী ক শাখা এবং জোড় ক্রমিকধারী শিক্ষার্থীকে খ শাখায় ভর্তি করা হবে।

স্বাক্ষরিত
ড. মো. আমিনুল ইসলাম
অধ্যক্ষ
রাজশাহী বিশ্ববিদ্যালয় স্কুল